

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজের কার্যালয়
১ম আদালত, মাগুরা।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-১০১/জি

তারিখঃ ২৬/১০/২০২২ খ্রিঃ

মাগুরা জজশীপের অধীন বিভিন্ন সহকারী জজ আদালত- এ নিম্নে উল্লিখিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন অগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	নাজির (সহকারী জজ আদালত)	৯,৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৩ টি	স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২।	হিসাব রক্ষক (সহকারী জজ আদালত)	৯,৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৩ টি	স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

“শর্তাবলী”

- ১। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ২। অগ্রহী প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১১০.০০০.০০.০০.০৮৯-১৪-০১, তারিখ-২৯.১২.২০১৪ খ্রিঃ অনুযায়ী www.mopa.gov.bd /www.forms.gov.bd ওয়েবসাইটে প্রদত্ত সরকারি চাকুরির আবেদন ফরমে “জেলা জজ, মাগুরা”-কে সন্ধান করে স্ব-হস্তে পূরণপূর্বক “সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, মাগুরা”-এর অফিসে রেজিষ্ট্রি ডাকযোগে বা সরাসরি আগামী ১৩/১১/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৩। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে আবেদনকারীর নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
 - (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রসিন ছবি।
 - (খ) সকল শিক্ষাগত যোগ্যতা, কোটা, অন্যান্য যোগ্যতার এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - (গ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্রের মূল/সত্যায়িত ফটোকপি।
 - (ঘ) জাতীয় পরিচয়পত্রের/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - (ঙ) অর্থনৈতিক কোড নং ১-২১০১-০০১-২০৩১ তে ট্রেজারী চালানমূলে প্রত্যেক আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা জমা প্রদান সংক্রান্ত চালানের কপি।
 - (চ) আবেদনকারী যে ঠিকানায় চিঠিপত্র পেতে অগ্রহী সেই ঠিকানা স্বাক্ষরিত ১৫ (পনের) টাকা মূল্যমানের ডাকটিকিট স্বাক্ষরিত (৯.৫ X ৪.৫ ইঞ্চি) মাপের ১ টি ফেরত খাম।
 - (ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে-
 - (i) মুক্তিযোদ্ধার মূল সনদের সত্যায়িত ফটোকপি ও
 - (ii) নিম্ন বর্ণিত ছকে তথ্য উল্লেখ করতে হবেঃ

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ নম্বর	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবর্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও যারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাভী- নাভনি দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা- মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদ পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

- ৫। সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩০.০৯.২০২২ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর গত ২২.০৯.২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং-০৫.০০.০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ মোতাবেক প্রার্থীদের বয়স ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৬। নিয়োগ পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি হ্রগিত বা বাতিল, বিজ্ঞপ্তিবৃত্ত পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি সহ নিয়োগ সম্পর্কিত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(স্বাক্ষর) ইয়াসমিন

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

এবং

অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, মাগুরা।